গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, মঙ্গলবার ১২ মে ২০১৫, ২৯ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ছিটমহলবাসীর নাগরিক সুবিধা নিশ্চিত করতে হবে : প্রধানমন্ত্রী
২। 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়' আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন
৩। আগামী বাজেটে প্রতিবন্ধীদের জন্য বরাদ্দ বাড়বে : প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী
৪। জিএসপি না থাকলে টিকফা অর্থহীন : বাণিজ্যমন্ত্রী
৫। এসএসসি ও সমমানের পরীক্ষার ফল ৩০ মে
৬। মোবাইল ফোনের রিংটোনে জাতীয় সঙ্গীত নিষিদ্ধ : হাইকোর্টের রায় আপিল বিভাগে বহাল
৭। মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ার উপকূলে সাগর থেকে আরও ১৪শ অভিবাসী উদ্ধার
৮। নবায়নযোগ্য জ্বালানির পুনঃঅর্থায়ন স্কিম বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা
৯। ২০১৫-১৬ অর্থবছরের বাজেট অধিবেশন শুরু আগামী ১ জুন
১০। ভুল সংশোধন করে রাজ্যসভায় পুনরায় সীমান্ত বিল পাস
১১। রাজধানীসহ কয়েক জেলায় কালবৈশাখীতে নিহত ৩; ব্যাপক ক্ষয়ক্ষতি

চলমান পাতা/২

১। ছিটমহলবাসীর নাগরিক সুবিধা নিশ্চিত করতে হবে : প্রধানমন্ত্রী

শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থানসহ ছিটমহলবাসীর নাগরিক সুবিধা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ছিটমহলবাসী যাতে কোনো ধরনের সমস্যায় না পড়ে তা নিশ্চিত করতে হবে। তাদের সার্বিক উন্নয়ন ও জীবনমান উন্নত করার দায়িত্ব আমাদেরই। এ সময় তিনি বিএনপি-জামায়াতের নাশকতা ও জঙ্গিবাদী কর্মকাণ্ডের ব্যাপারে দেশবাসীর সচেতনতা বাড়াতেও সকলের প্রতি আহ্বান জানান। গতকাল ১১ মে সোমবার সচিবালয়ে মন্ত্রিসভা কক্ষ থেকে পঞ্চগড় ও ও টাঙ্গাইল জেলা উন্নয়ন সমন্বয় কমিটির কর্মকর্তাদের সঙ্গে ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.২)। সংবাদ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়' আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

রবীন্দ্র সাহিত্য দর্শন নিয়ে গবেষণা ও চর্চার জন্য বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের নামে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়' আইনের খসড়ার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ১১ মে সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ আইন, ২০১৫' এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৮), সংবাদ (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (পৃ.৩,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.১), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.১)।

৩। আগামী বাজেটে প্রতিবন্ধীদের জন্য বরাদ্দ বাড়বে : প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী

আগামী ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে প্রতিবন্ধী ভাতা বাড়ানো হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। দেশের প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে বাজেট সাড়ে ৪ হাজার কোটি টাকা বরাদ্দ চেয়েছে জাতীয় প্রতিবন্ধী ফোরাম। এ ব্যাপারে প্রধানমন্ত্রীর সম্মতি রয়েছে জানিয়ে অর্থমন্ত্রী বলেন, প্রতিবন্ধীদের চাহিদা অনুযায়ী দিতে না পারলেও আগামী অর্থবছরে ভাতার পরিমাণ আগের চেয়ে বেশি হবে। গতকাল ১১ মে সোমবার অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতীয় প্রতিবন্ধী ফোরামের নেতাদের সঙ্গে প্রাক-বাজেট আলোচনায় এ কথা জানান অর্থমন্ত্রী। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৯,ক.৪), ইনকিলাব (পৃ.১,ক.৫), সমকাল (পৃ.১৯,ক.৩)।

৪। জিএসপি না থাকলে টিকফা অর্থহীন : বাণিজ্যমন্ত্রী

জিএসপি (অগ্রাধিকারমূলক বাণিজ্য সুবিধা) না থাকলে টিকফা (বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা ফোরাম) চুক্তি বাস্তবে অর্থহীন হয়ে পড়বে বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেছেন, টিকফা চুক্তি হওয়ার পরও যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পণ্য প্রবেশ করতে উচ্চ হারে শুল্ক দিতে হয় যা অন্য অনেক উন্নত দেশের তুলনায়ও বেশি। গতকাল ১১ মে সোমবার রাজধানীর রেডিসন হোটেলে দুই দিনব্যাপী আন্তর্জাতিক বাংলাদেশ ডেনিম এক্সপো'র উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.৪), সমকাল (পৃ.১৪,ক.৫), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৪), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৪)।

৫। এসএসসি ও সমমানের পরীক্ষার ফল ৩০ মে

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার ফল আগামী ৩০ মে প্রকাশ করা হবে। গতকাল ১১ মে সোমবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা জানিয়েছেন। শিক্ষামন্ত্রী বলেন, এ বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুমোদন পাওয়া গেছে। ওই দিন সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রীর কাছে ফলাফলের অনুলিপি তুলে দেওয়া হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), সংবাদ (পৃ.১,ক.৪), সমকাল (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৬। মোবাইল ফোনের রিংটোনে জাতীয় সঙ্গীত নিষিদ্ধ : হাইকোর্টের রায় আপিল বিভাগে বহাল

জাতীয় সঙ্গীতকে মোবাইল ফোনের রিং টোন ও ওয়েলকাম টিউন হিসাবে ব্যবহারের কোনো সুযোগ নেই। এর বাণিজ্যিক ব্যবহার অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। দু'টি মোবাইল ফোন কোম্পানির আপিল নিষ্পত্তি করে দিয়ে গতকাল ১১ মে সোমবার এই রায় ঘোষণা করেন প্রধান বিচারপতি এস কে সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের তিন বিচারপতির বেঞ্চ। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৭। মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ার উপকূলে সাগর থেকে আরও ১৪শ অভিবাসী উদ্ধার

মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া উপকূল থেকে ১৪শ' অভিবাসী উদ্ধার করেছে দেশগুলোর কোস্টগার্ড ও পুলিশ। এর মধ্যে মালয়েশিয়া উপকূল থেকে এক হাজার ১৮ অভিবাসীর মধ্যে ৫৫৫ জন বাংলাদেশি অভিবাসী রয়েছে। তবে ইন্দোনেশিয়া উপকূল থেকে উদ্ধার হওয়া ৪৬৯ জন অভিবাসীদের মধ্যে কতজন বাংলাদেশি রয়েছে তা এখনও জানা যায়নি। তবে এর মধ্যে ৮৩ জন নারী ও ৪১টি শিশু। গতকাল ১১ মে সোমবার দেশ দুটির কর্তৃপক্ষের কাছ থেকে পৃথক পৃথকভাবে এসব তথ্য জানা গেছে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৫), প্রথম আলো, ইত্তেফাক, জনকণ্ঠ, ডেইলি

স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সানসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। নবায়নযোগ্য জ্বালানির পুনঃঅর্থায়ন স্কিম বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা

নবায়নযোগ্য জ্বালানির পুনঃঅর্থায়ন স্কিমের অর্থ আন্তর্জাতিক নিরীক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এক সার্কুলারের মাধ্যমে গত ১০ মে রোববার এ সংক্রান্ত নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সার্কুলারে বলা হয়েছে, সাময়িকভাবে নিরীক্ষা কার্যক্রম আন্তর্জাতিকভাবে স্বীকৃত অ্যাসোসিয়েশন অব এনার্জি ইঞ্জিনিয়ার্স কর্তৃক নিবন্ধিত এনার্জি অডিট ফার্ম দ্বারা সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে অডিট ফার্মের গ্রহণযোগ্যতা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব বিবেচনায় নির্ধারণ করবে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৫), যুগান্তর (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২)।

৯। ২০১৫-১৬ অর্থবছরের বাজেট অধিবেশন শুরু আগামী ১ জুন

আগামী ১ জুন শুরু হচ্ছে দশম জাতীয় সংসদের ৬ষ্ঠ ও ২০১৫-১৬ অর্থবছরের বাজেট অধিবেশন। বিকেল ৪টায় এই অধিবেশন শুরু হবে। সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) ধারার ক্ষমতাবলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এ অধিবেশনের আহ্বান জানান। সূত্র-সংবাদ (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.১), ডেইলি স্টার (পৃ.২,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)।

১০। ভুল সংশোধন করে রাজ্যসভায় পুনরায় সীমান্ত বিল পাস

ভুল সংশোধন করে বাংলাদেশ ও ভারত স্থল সীমান্ত সংবিধান সংশোধনী বিল পুনরায় ভারতের রাজ্যসভায় সর্বসম্মতভাবে পাস হয়েছে। গতকাল ১১ মে সোমবার রাজ্যসভায় ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ বিলটি পাসের জন্য প্রস্তাব করেন। পরে বিলটির পক্ষে ১৮১টি ভোট পড়ে। এর বিপক্ষে কোনো ভোট পড়েনি। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.১,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬)।

১১। রাজধানীসহ কয়েক জেলায় কালবৈশাখীতে নিহত ৩; ব্যাপক ক্ষয়ক্ষতি

টানা কয়েকদিনের গরমের পর বৃষ্টিতে স্বস্তি এলেও গতকাল ১১ মে সোমবারের কালবৈশাখীতে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় ঘর-বাড়ি, গাছ-পালা ও ফসলের মাঠের ক্ষতি হয়েছে। কর্মব্যবস্ততার শুরুতেই এই বৃষ্টিতে বিপাকে পড়েন জীবিকার তাগিদে বের হওয়া মানুষগুলো। প্রায় আধা ঘণ্টার এই কালবৈশাখীতে রাজধানীর বিভিন্ন এলাকায় পানি জমে ও যানজটের ভোগান্তি পোহান যাত্রীরা। এদিকে গতকাল ১১ মে সোমবার কালবৈশাখীতে ঝিনাইদহ, বান্দরবন ও মানিকগঞ্জে দুই স্কুল ছাত্র সহ ৩ জন নিহত হয়েছে। সূত্র-সংবাদ (পৃ.১, ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ, সমকাল, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ : পুলিশ সদস্য কর্তৃক বর্ষবরণে নারী লাঞ্ছনার প্রতিবাদে ছাত্র ইউনিয়নের শান্তিপূর্ণ মিছিলে এক ছাত্রীকে লাঞ্ছনা ও প্রহারের ঘটনায় নিন্দা জানিয়ে ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি;

খ. ইত্তেফাক : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলোর শিক্ষার মান বাড়ানোর পাশাপাশি শিক্ষক সংকট দূর করতে প্রয়োজন অনুযায়ী শিক্ষক নিয়োগের ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : সরকারের রাজস্ব আয় বাড়াতে উপার্জনক্ষম সকল নাগরিককে করের আওতায় আনার উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি করের বিনিময়ে করদাতার জন্য নাগরিক সুবিধা নিশ্চিত করার বিষয়টি যাতে বিবেচনায় আসে সে ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ;

ঘ. সমকাল : মানহীন ফুড সাপ্লিমেন্ট জাতীয় ভিটামিন জনস্বাস্থ্যের জন্য হুমকি হওয়ায় এসব ওষুধের বাজারজাতকরণ বন্ধে কঠোর ব্যবস্থার দাবি;

ঙ. যুগান্তর : শিল্প-কারখানায় গ্যাস সংযোগ প্রদানের ক্ষেত্রে সুষ্ঠু নীতিমালার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি স্টার, যায়যায়দিন : দেরিতে হলেও চাল আমদানিতে ১০ শতাংশ শুল্ক আরোপের সরকারি সিদ্ধান্তসহ অন্যান্য পদক্ষেপ কৃষকদের ক্ষতি পুষিয়ে নিতে সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত;

ছ. ইন্ডিপেনডেন্ট : প্রতি বছর বিভিন্ন মন্ত্রণালয় থেকে কর্মকর্তাদের স্পেশাল কোর্সে বিদেশ ভ্রমণের নামে সরকারি অর্থের অপচয়ের ব্যাপারে সরকারকে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান : নকল ওষুধের ক্ষতিকর প্রভাব থেকে জনস্বাস্থ্যের সুরক্ষায় ওষুধ প্রশাসনকে পদক্ষেপ গ্রহণের আহ্বান;

ঝ. ডেইলি অবজারভার : সরকারিভাবে গমসহ অন্য খাদ্যশস্য ক্রয়ের ক্ষেত্রে যথাযথ উৎপাদনকারীদের কাছ থেকে ক্রয়ের ব্যবস্থা কার্যকর রাখার প্রত্যাশা;

ঞ. নিউ নেশন : রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকে নতুন নিয়োগের ক্ষমতা কেন্দ্রীয় ব্যাংকের হাতে প্রদানের সিদ্ধান্ত থেকে ভাল ফলাফলের প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে স্বনির্ভর ও বাজেটের কার্যকরী বাস্তবায়ন সুনিশ্চিত করতে হলে আইনের শাসন নিশ্চিত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত 'নগর সরকার কেন প্রয়োজন' শিরোনামের নিবন্ধে শফিকুল ইসলাম খোকন স্বাধীন সার্বভৌম দেশটাকে নিজেদের মতো গড়ে তুলতে একটি পরিকল্পিত ও দীর্ঘস্থায়ী নগর সরকার বাস্তবায়ন করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা